



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

BANGLADESH POWER DEVELOPMENT BOARD



তদন্ত ও শৃংখলা পরিদপ্তর  
ওয়াপদা ভবন (১০ম তলা)  
মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০

সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১২.২০-৩৪

তারিখঃ- ১১/০৪/২০২১খ্রিঃ

গোপনীয়  
পত্র বাহক দ্বারা প্রেরিত

জনাব তরুন কুমার কর,  
ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট-বি,  
বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র,  
বিউবো, দিনাজপুর।

বিষয়ঃ- চাকুরী হইতে বরখাস্ত করার দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ

যেহেতু, জনাব তরুন কুমার কর, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট-বি, বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, দিনাজপুর এর বিরুদ্ধে স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১২.২০-১০৯, তারিখ-২৯/০৬/২০২০ইং মোতাবেক বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩ (৪) নং ধারা অনুযায়ী, 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা চালু করিয়া কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তিনি তাঁহার বিরুদ্ধে আনীত বিভাগীয় মামলার কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন নাই। তাঁহার কৈফিয়ত তলবের জবাব না পাওয়ায় স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১২.২০-১৪৫ তারিখঃ ০৮/০৯/২০২০ইং মোতাবেক অভিযোগনামা জারী করিয়া আনীত অভিযোগ তদন্ত করার জন্য একই তারিখের স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১২.২০-১৪৬ মোতাবেক বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৪ নং ধারা মোতাবেক একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তিনি তদন্ত কর্মকর্তার নিকট অভিযোগনামার জবাব পেশ করেন নাই এবং ব্যক্তিগত শুনানী প্রার্থনা করেন নাই;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ব্যক্তিগত শুনানী গ্রহণ ব্যতিরেকে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের মৌখিক ও লিখিত জবানবন্দী এবং সাক্ষ্য প্রমানের ভিত্তিতে অভিযুক্ত কর্মচারীর অনুপস্থিতিতে তদন্ত সম্পন্ন করিয়া তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত উল্লেখপূর্বক ০৯/০৪/২০২১ইং তারিখে তদন্ত প্রতিবেদন পেশ করেন;

যেহেতু, কর্তৃপক্ষ কর্তৃক আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তার পেশকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগ সংক্রান্ত কাগজপত্র ও আনুষ্ঠানিক বিষয়াদি বিচার বিবেচনাপূর্বক স্মারক নং-২৭.১১.০০০০.২১৩.০৪.০১২.২০-১৪৫ তারিখঃ ০৮/০৯/২০২১ইং মোতাবেক জনাব তরুন কুমার কর, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট-বি, বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, দিনাজপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগের জন্য তাঁহাকে দোষী সাব্যস্ত করতঃ প্রতিষ্ঠিত অভিযোগের গুরুত্ব বিবেচনাক্রমে চাকুরী হইতে বরখাস্ত এর শাস্তি আরোপ করার অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত গ্রহণ করিয়া উক্ত শাস্তি কেন আরোপ করা হইবে না ইহার কারণ দর্শানোর নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সেহেতু, এক্ষণে আলোচ্য অভিযুক্ত কর্মচারী জনাব তরুন কুমার কর, ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট-বি, বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র, বিউবো, দিনাজপুর এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় (তদন্ত প্রতিবেদনের ফটোকপি সংযুক্ত) তাঁহাকে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩ (১) (ক) ধারা মোতাবেক চাকুরী হইতে বরখাস্ত এর শাস্তি কেন আরোপ করা হইবে না অত্র নোটিশ জারীর ১৪(চৌদ্দ) দিনের মধ্যে তাহার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হইল। নির্ধারিত সময়ের মধ্যে তাঁহার নিকট হইতে কোন জবাব না পাওয়া গেলে তাঁহার বিরুদ্ধে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হইবে।

বিদ্যুৎ/ক্রম- ৪২৫ (২৫) ২/০১/২১

নির্দেশক্রমে,

১১/০৪/২০২১

(আফরোজা সুলতানা)

উপ-পরিচালক-২

আইডি নং-০২-১১৩,

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর,

বিউবো, ঢাকা।

মুহুরিত  
০৯/০৪/২০২১  
মোহাম্মদ শামীম হাসান  
উপ-পরিচালক, জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
আইডি নং-৮-০৫০৫